



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।

ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com

ওয়েব সাইট : www.gccc.edu.bd.



বিজ্ঞপ্তি

তারিখ : ১০/০৯/২০২০।

ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাধিক কর্মসূচির অংশ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর "অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়" শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা এ কলেজের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। ইচ্ছুক শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ ২৫০০ (দুই হাজার পাঁচশত)-শব্দের মধ্যে রচনা কম্পিউটার কম্পোজ করে (ইউনিকোডে ব্যবহার করে) রেজিস্ট্রেশন কার্ড, ছবি ও কলেজ পরিচয়পত্রের স্ক্যান কপিসহ আগামী ২২/০৯/২০২০ তারিখের মধ্যে কলেজ ই-মেইলে (info@gccc.edu.bd) প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

অধ্যক্ষ ১০/৯/২০২০
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
(একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত)

ফোন : ৯২৯১০১৬
ফ্যাক্স : ৯২৯১০৩৭

০৬/০৯/২০২০
১৯ ফেব্রুয়ারি ২০২০

সূত্রঃ ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

তারিখঃ

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ


অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর “অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক রচনা প্রতিযোগিতা।

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাধিক কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এরই অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের অংশগ্রহণে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসুখ আপনার কলেজ/প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছ থেকে উপর্যুক্ত বিষয়ে রচনা আহ্বান করে তা থেকে যাচাই-বাছাইপূর্বক নির্বাচিত ০৩ (তিন)টি সেরা রচনা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে mbec2020nu@gmail.com ই-মেইলে একটি ডকুমেন্ট ফাইলে এবং শিক্ষার্থীর প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের স্ক্যান কপি, পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি ও পরিচিতিসহ অপর একটি ডকুমেন্ট ফাইলে অধ্যক্ষের অগ্রায়নপত্রসহ আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। রচনার শব্দ সংখ্যা সর্বোচ্চ ২৫০০ (দুই হাজার পাঁচশত)-এর মধ্যে সীমাবদ্ধ থাকা আবশ্যিকীয়। একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা প্রতিযোগিতায় প্রাপ্ত রচনাসমূহ মূল্যায়ন করা হবে এবং এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। উল্লেখ্য, মুজিববর্ষের রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদ ও পুরস্কার প্রদান করা হবে। প্রথম পুরস্কার ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), দ্বিতীয় পুরস্কার ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং তৃতীয় পুরস্কার ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে


০৬/০৯/২০২০

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

মোবাইল- ০১৭১১ ৮৮৯৯৬৯

সূত্রঃ ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

তারিখঃ

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে আপলোডসহ অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গ্রুপ ই-মেইলের মাধ্যমে পত্রটি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, জনসংযোগ, তথ্য পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।


০৬/০৯/২০২০

(জয়ন্ত ভট্টাচার্য্য)

উপ-রেজিস্ট্রার, প্রশাসন (পরিষদ)

ফোন- ০২-৯২৯১০৫১

ফ্যাক্স- ০২-৯২৯১০৪৮

পিএবিএক্স- ২১৪/৬৩৮৮

স্বাক্ষরিত: ১৯/০২/২০২০